**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 24-01-2026** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) অষ্টাদশ জাতীয় রোজগার মেলায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত বহু দেশের সঙ্গে বাণিজ্য ও অন্যান্য কর্মসংস্থান চুক্তি স্বাক্ষর করেছে।

পশ্চিমবঙ্গের শিলিগুড়ির রাধাবাড়ি এবং উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম সহ দেশের ৪৫টি স্থানে আজ রোজগার মেলার আয়োজন করা হয়।

২) ভোটার তালিকায় এসআইআর সংক্রান্ত প্রতিটি রিপোর্ট ও নথি দৈনিক ভিত্তিতে ECINET পোর্টালে আপলোড করার নির্দেশ দিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

এসআইআর সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টের সুপারিশ মেনে চলার কথা বললেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস।

ফারাক্কা বিডিও অফিসে ভাঙচুর ও নির্বাচন কমিশনের আধিকারিকদের হেনস্থার অভিযোগে তৃণমূল কংগ্রেস বিধায়ক মনিরুল ইসলামের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছে বিজেপি।

৩) প্রধানমন্ত্রী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশে বসবাসরত ভারতীয়দের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৪) যাত্রী সুবিধার্থে কলকাতা মেট্রোয় পরীক্ষামূলকভাবে রিটার্ন টিকিট ব্যবস্থা চালু করা হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, তাঁর সরকার দেশে এবং বিদেশে যুব সমাজের জন্য নতুন সুযোগ সৃষ্টি করতে প্রয়াস চালিয়ে যাচ্ছে। নতুন দিল্লি থেকে আজ অষ্টাদশ জাতীয় রোজগার মেলায় ভার্চুয়ালী বক্তব্য রাখার সময়ে তিনি বলেন, ভারত বহু দেশের সঙ্গে বাণিজ্য ও অন্যান্য কর্মসংস্থান  চুক্তি স্বাক্ষর করছে।

বাইট মোদী ওয়ার্ল্ড ট্রাস্ট

এরাজ্যের শিলিগুড়ির রাধাবাড়ি বি এস এফ ক্যাম্প এবং উত্তর ২৪ পরগণার মধ্যমগ্রাম সহ দেশের ৪৫ টি জায়গায় রোজগার মেলার আয়োজন করা হয়। শিলিগুড়িতে ২৬৭ জন কর্মপ্রার্থীর হাতে নিয়োগ পত্র তুলে দেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে বিভিন্ন দপ্তরে নিয়োগ করছে।

বাইট সুকান্ত

মধ্যমগ্রামের দিগবেড়িয়ায় বি এস এফ এর ৭৪ নম্বর ব্যাটালিয়নের হেডকোয়ার্টারে রোজগার মেলায় ২৫ জনকে অসম রাইফেল, সি আই এস এফ, সি আর পি এফ, আই টি বি পি, এস এস বি, বি এস এফ এর সুরক্ষা বাহিনীতে নিয়োগ পত্র দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেন, রাজ্যে যেখানে চাকরির সুযোগ নেই, সেখানে কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগ অবশ্যই প্রশংসনীয়।

বাইট শান্তনু

-----------------

এসআইআর সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টের সুপারিশ মেনে চলার পক্ষে সওয়াল করেছেন রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস। লোকভবনে আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সুপ্রিম কোর্টের সুপারিশ অনুযায়ী কাজ করলে বর্তমানে যে সমস্যা ও বিভ্রান্তি তৈরি হয়েছে, তা অনেকটাই মিটে যাবে। সেই সঙ্গে গণতান্ত্রিক ব্যবস্থার উপর মানুষের আস্থা আরও দৃঢ় হবে। রাজ্যপাল জানান, আইনি ও সাংবিধানিক কাঠামোর মধ্যে থেকেই যেকোনও প্রশাসনিক প্রক্রিয়া সম্পন্ন হওয়া প্রয়োজন।

জাতীয় স্তোত্র ‘বন্দে মাতরম’-এর ১৫০ বছর পূর্তি উপলক্ষে লোক ভবনের একটি কক্ষের নতুন নামকরণ করা হয়েছে - ‘সীতা বেদী’। রাজভবনের তরফে জানানো হয়েছে, জাতীয় চেতনা ও ঐতিহ্যকে সম্মান জানাতেই এই নামকরণ।

-----------------

মুর্শিদাবাদের ফারাক্কা বিডিও অফিসে ভাঙচুর ও নির্বাচন কমিশনের আধিকারিকদের হেনস্থার অভিযোগে তৃণমূল কংগ্রেস বিধায়ক মনিরুল ইসলামের বিরুদ্ধে থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে বিজেপি। দক্ষিণ মালদা সাংগঠনিক জেলা বিজেপির সম্পাদক অয়ন ঘোষের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ ফারাক্কা থানায় উপস্থিত হয়ে বিধায়কের বিরুদ্ধে অভিযোগ জানান। বিজেপি নেতৃত্বের দাবি, এর আগে সামশেরগঞ্জেও একই ধরণের অশান্তির বাতাবরণ তৈরি করা হয়েছিল।

উল্লেখ্য, মনিরুলের বিরুদ্ধে FIR দায়ের এর জন্য নির্বাচন কমিশনের তরফে জেলাশাসককে নির্দেশ দেওয়া হলেও তা মানা হয়নি।

এদিকে, গতকাল এসআইআরের কাজের দায়িত্বে থাকা ইআরও-কে চিঠি দিয়েছেন মনিরুল। তিনি লিখেছেন, নির্বাচন কমিশন এবং ভারতের নির্বাচনী ব্যবস্থার প্রতি তিনি অত্যন্ত শ্রদ্ধাশীল। নির্বাচন কমিশনের মর্যাদাহানি বা ভোট প্রক্রিয়াকে প্রভাবিত করার উদ্দেশ্যে তিনি কোনো বক্তব্য রাখেননি বলেও মনিরুল জানান।

----------------

ষোড়শ জাতীয় ভোটার দিবসে আগামীকাল নির্বাচন কমিশন নতুন দিল্লিতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রধান অতিথি হিসেবে সেখানেই উপস্থিত থাকবেন। নতুন ভোটারদের হাতে ভোটার পরিচয়পত্র বা এপিক কার্ড তুলে দেবেন তিনি। এবারের ভোটার দিবসের মূল ভাবনা 'মাই ইন্ডিয়া, মাই ভোট' এবং স্লোগান 'সিটিজেন অ্যাট দ্য হার্ট অব ইন্ডিয়ান ডেমোক্রেসি'।

রাজ্য স্তরে মূল অনুষ্ঠানটি হবে কলকাতার ধনধান্যে অডিটরিয়ামে। দুপুরে ওই অনুষ্ঠানে রাজ্যের SIR কাজে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করায় প্রতিটি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত BLO দের পুরস্কৃত করা হবে।

----------------

৭৭ তম সাধারণতন্ত্র দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল জাতির উদ্দেশে ভাষণ দেবেন। আকাশবাণীর সবকটি প্রচার তরঙ্গ সন্ধ্যে ৭টা থেকে সেই ভাষণ সম্প্রচার করবে। রাত সাড়ে ৯টায় রাষ্ট্রপতির ভাষনের বাংলা তর্জমা প্রচারিত হবে।

রাষ্ট্রপতির ভাষণের কারণে আগামীকাল সন্ধ্যে ৭টা ৩৫ মিনিটের বাংলা সংবাদ ও রাত ৮টা দশের খেলার খবর বাতিল করা হয়েছে । আগামীকাল ও ২৬ তারিখ মৈত্রী

প্রচার তরঙ্গে রাত সোয়া ৯টার বিশ্ব পরিক্রমা ১৫ মিনিটের হবে। এফ এম রেইনবোর আগামীকাল সন্ধ্যে ৭টার ২ মিনিটের সংবাদ হেডলাইন হবে না। ২৬ শে জানুয়ারি সকাল ১০টা এবং বেলা ১১টার হেডলাইনও বাতিল থাকবে। দিল্লি থেকে সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের ধারা বিবরনী বেলা ১২টার পরেও চললে ১২টার হেডলাইন বাতিল হবে। পাশাপাশি সাধারণতন্ত্র দিবসে সকাল ১০ টা ১০ মিনিটের সঞ্চয়িতা থেকে প্রচারিত স্থানীয় সংবাদ বাতিল থাকবে এবং আগামীকাল দিল্লি থেকে আকাশবাণীর পডকাস্ট প্রচারিত হলে রাত ৯টার এফ এম রেইনবোর হেডলাইন প্রচারিত হবে না।

----------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট, newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

----------------

রাজ্যে ২০২৬সালে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রতীক ও স্বপ্ন নিয়ে নতুন মুখ্যমন্ত্রী শপথ নেবেন বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ শ্যামাপ্রসাদ অনুশীলন কেন্দ্র পরিচালন সমিতির উদ্যোগে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫তম জন্মজয়ন্তী উদযাপন অনুষ্ঠানে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, রাজ্যে যেভাবে গণতন্ত্রের হত্যা হচ্ছে তাতে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় আরও বেশি প্রাসঙ্গিক হয়ে পড়েছেন। নীরবে জনবিন্যাসের পরিবর্তন হচ্ছে। শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের স্বপ্নপূরণে তার অনুগামীরা গঙ্গোত্রী থেকে গঙ্গাসাগর পর্যন্ত কাজ করে যাচ্ছেন। রাজ্য সভাপতি জানান, তৃণমূল কংগ্রেস চলে গেছে। শুধুমাত্র একটি জীবাশ্ম পড়ে রয়েছে।

(বাইট-শমীক)

----------------

সড়ক, মহাসড়ক, রেল, পরিবেশ বান্ধব শক্তির বিকাশ সহ নানান প্রকল্পের কাজ চলছে দেশে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তত্ত্বাবধানে এই প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ চলছে। Pro-Governance and Timely Implementation - PRAGATI (প্রগতি) পরিমণ্ডলের ভারতে মহাসড়কের বিস্তারে জাতীয় মহাসড়ক কতৃপক্ষ NHAI ৯৬৪টি প্রকল্প হাতে নিয়েছে। এগুলির মধ্যে ২৭৩ প্রকল্প-এর সরাসরি নজরদারী চালান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রগতি-র মাধ্যেমে নেওয়া প্রকল্পগুলির বাস্তবায়নের সময় উঠে আসা বিভিন্ন রকম বাধার দ্রুত সমাধানের চেষ্টা করা হয়। পশ্চিমবঙ্গে ৩৯৩০ কোটি টাকার ২৬টি সড়ক প্রকল্পের মধ্যে ৬০টি প্রকল্পের কাজ চলছে। এই রাজ্যের সড়ক নির্মানের সময়, NHAI বেশি কয়েকটি বিষয়ে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। পরবর্তী সময়ে কয়েকটির নিস্পত্তি করে দ্রুত কাজ এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

----------------

বাঁকুড়ার ওন্দা থানার নাকাইজুড়ি এলাকায় বিজেপি নেতা তাপস বারিকের বাড়িতে অগ্নি সংযোগের ঘটনায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ সেখানে যান। কথা বলেন বিজেপি নেতা ও বাড়ির সদস্যদের সঙ্গে। ওই পরিবারকে পুড়িয়ে মারার চেষ্টার অভিযোগে সেখানে প্রতিবাদ মিছিলও করেন বিরোধী দলনেতা। পরে এক জনসভায় তিনি বলেন, বিধানসভা নির্বাচনের আগে আতঙ্ক ছড়ানোর জন্য শাসকদল তৃণমূল কংগ্রেস এলাকায় অশান্তি বাধাতে চাইছে।

(বাইট-শুভেন্দু)

গত বুধবার গভীর রাতে একদল দুষ্কৃতী তাপস বারিক নামে ঐ বিজেপি নেতার দোকানে লুঠপাট চালায়। পরে বাড়ির বাইরে থেকে শিকল লাগিয়ে খরের চালে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। সেই সময়ে বাড়িতে তাপস ছাড়াও ছিলেন তার বয়স্ক বাবা মা। প্রতিবেশীরা দ্রুত এসে শিকল খুলে দিলে কোনোমতে প্রাণে বাঁচেন তারা।

-----------------

যাত্রী সুবিধার্থে কলকাতা মেট্রোয় আজ পরীক্ষামূলকভাবে রিটার্ন টিকিট ব্যবস্থা চালু করা হয়েছে। আগে কাগজের টিকিট থাকাকালীন রিটার্ন টিকিটের সুবিধা পেতেন যাত্রীরা। তবে টোকেন ব্যবস্থা চালু হওয়ার পর থেকে সেই পরিষেবা বন্ধ হয়ে যায়। কিউ আর কোড ভিত্তিক রিটার্ন পেপার টিকিট চালু হওয়ার ফলে বার বার কাউন্টারে লাইন না দিয়ে যাতায়াতের পথে একেবারেই টিকিট কেটে নিতে পারবেন যাত্রীরা। তবে টিকিটে উল্লেখিত সময়ের মধ্যেই রিটার্ন টিকিট ব্যবহার করতে হবে। মেট্রোরেলের মুখ্য জন সংযোগ আধিকারিক এস এস কান্নান জানিয়েছেন, এই পরিষেবার ফলে যাত্রীদের সময় বাঁচবে। স্টেশনে ভিড়ও কমবে।

বাইট

-----------------

শিয়ালদহ দক্ষিণ এবং উত্তর শাখার মধ্যে সংযোগকারী পথে ইস্পাতের সেতুর গার্ডার বদলের কাজের জন্য ওই দুই শাখায় আজ রাত ১০টা থেকে আগামীকাল রাত ৯টা পর্যন্ত, টানা ২৩ ঘণ্টা ট্রেন চলাচল বন্ধ থাকবে। বালিগঞ্জ এবং কাঁকুড়গাছি স্টেশনের মধ্যে আপ ও ডাউন কর্ড লাইনের এক্স-২৫ নম্বর সেতুর গার্ডার বদলের কাজের জন্য ট্রেন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন সূত্রে জানানো হয়েছে।

এই কাজের জন্য প্রায় ১৫টি লোকাল ট্রেন বাতিল ছাড়াও বেশ কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া অথবা সংক্ষিপ্ত করা হচ্ছে।

বজবজ-নৈহাটি শাখায় একটি, নৈহাটি-শিয়ালদহ শাখায় চারটি, মধ্যমগ্রাম-মাঝেরহাট শাখায় দু'টি, ক্যানিং-বারাসত পথে একটি, নৈহাটি-মাঝেরহাট শাখায় তিনটি ছাড়াও মাঝেরহাট-হাসনাবাদ, মাঝেরহাট-রানাঘাট শাখায় একটি করে এবং শিয়ালদহ-বজবজ শাখায় দু'টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

এর পাশাপাশি, সরস্বতী পুজোর বিসর্জনের জন্য আজ থেকে ২৬ জানুয়ারি পর্যন্ত গঙ্গা তীরবর্তী অংশে চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে।

-----------------

জরুরী মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আরও এক দফায় সম্পূর্ণ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত ১৬ ঘন্টা এই সেতুর উপর

দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। এই সময় সব যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

----------------

জম্মু-কাশ্মীরের ডোডায় সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো এরাজ্যের দুই সেনা জওয়ানের শেষকৃত্য আজ পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। পুরুলিয়ার ঝালদার পুস্তি গ্রামের বাসিন্দা ২৪ বছরের প্রদ্যুম্ন লোহারের কফিন বন্দী দেহ আজ তাঁর বাড়িতে পৌঁছয়। শেষ শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এবং অন্য নেতা কর্মীরা।

অন্যদিকে, ঝাড়গ্রামের বাসিন্দা সেনা জওয়ান সমীরণ সিংয়ের দেহ আজই গ্রামের বাড়িতে নিয়ে যাওয়া হয়। শ্রদ্ধা জানানোর পর শেষকৃত্য সম্পন্ন হয় তাঁর।

---------------- ----------------